

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ১০, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

বন অধিশাখা-১

প্রজ্ঞাপন

তারিখ, ২২ জুলাই ২০১৪ খ্রিঃ

নং পবম/(বগশা-১)/০১/২০১৪/২৫৯—যেহেতু বন আইন, ১৯২৭ (The Forest Act, 1927) (Act XVI of 1927) এর ৪ (ক) (১) ধারায় নিম্ন তফসিলভুক্ত ভূমিতে সংরক্ষিত বনভূমি (Reserved Forest) হিসাবে ঘোষণা করার ইচ্ছা প্রকাশ করিয়া সরকার নিম্নবর্ণিত বিজ্ঞপ্তিসমূহ বাংলাদেশ গেজেটে প্রকাশ করতঃ ডেপুটি কমিশনার ময়মনসিংহ ও পরবর্তীতে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজশ্ব), ময়মনসিংহকে ফরেস্ট সেটেলমেন্ট অফিসার নিয়োগ করা হয়। যিনি উক্ত আইনের দ্বিতীয় অধ্যায় (Chapter 11) এর বিধানমতে বর্ণিত ভূমির উপর কাহারো কোন ন্যায়সংগত দাবী দাওয়া থাকিলে তাহার তদন্ত করিয়া দেখার এবং এ বিষয়ে স্থির সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা রাখেন; এবং

যেহেতু বর্ণিত ফরেস্ট সেটেলমেন্ট অফিসার উক্ত আইনের ৬ ধারায় বাংলাদেশ গেজেটের ৬ষ্ঠ খণ্ডে ৩রা মার্চ, ১৯৮৩ তারিখে এবং ১৩ আগস্ট ১৯৯২ তারিখে প্রকাশিত নোটিশের মাধ্যমে উল্লিখিত বনভূমি সম্পর্কে কাহারো কোন দাবী দাওয়া থাকিলে উহা উক্ত নোটিশ জারীর তারিখ হইতে ৬ মাসের মধ্যে প্রামাণিক দলিলপত্রসহ তাহার নিকট লিখিত বা মৌখিক উপস্থাপন করার আহ্বান জানান; এবং

যেহেতু বর্ণিত ঘোষণার প্রেক্ষিতে যে সমস্ত ভূমির বিপরীতে কোন দাবী দাওয়া উপস্থাপিত হয় নাই অথবা দাবী দাওয়া উপস্থাপিত হওয়ার পর আইনসংগতভাবে নিষ্পত্তি হয়েছে সে সকল ভূমি বন আইন, ১৯২৭ (The Forest Act, 1927) (Act XVI of 1927) এর ২০ ধারার ক্ষমতাবলে এতদ্বারা বিজ্ঞপ্তি জারী হওয়ার তারিখ হইতে “সংরক্ষিত বনভূমি” (Reserved Forest) বলিয়া গণ্য হইবে মর্মে ঘোষণা করা হইল।

( ১৬৭৬৫ )

মূল্য : টাকা ৪.০০

## বনভূমির বিস্তারিত বিবরণ :

জেলা	পরগনা	উপজেলা	মোজা		সেটেলমেন্ট দাগ নং	জমির পরিমাণ (একর)	৬ ধারায় গেজেট বিজ্ঞপ্তি নং ও তারিখ
			জে এল নং	নাম			
১	২	৩	৪	৫	৬	৭	৮
ময়মনসিংহ	রণভাওয়াল	ভালুকা	২৭৪	হবিরবাড়ী	১১০	৭০.০০	০৩-০৩-১৯৮৩ইং
					৮১৮	৬.২১	
					মোট-	৭৬.২১	
			২৮৮	বালপাজা	২০৬	১৪.৭৮	
					মোট-	১৪.৭৮	
			৩৫	কাঠালী	১০৭	৩৫.৫০	
					২৫৩	৩.৯১	
					২৭৩	১৭.৪০	
					মোট-	৫৬.৮১	
			২৭৭	পাড়াগাঁও	১৯	১০.১৫	
					মোট-	১০.১৫	
			২৭৩	মেহেরাবাড়ী	১২৭	১৬.৬৫	গেজেট বিজ্ঞপ্তি নং ২০২২/এসএ তাং ১৩-০৮-৯২
					মোট-	১৬.৬৫	
			১১	পালগাঁও	১১৫৫	৩.৬৭	
					১১৫৭	৪.৫২	
					মোট-	৮.১৯	
			২৭৭	পাড়াগাঁও	১০৭৩/১০৭৫	৪০.১১	
					১০৭০/১০৭১	১.৬০	
					মোট-	৪১.৭১	
			২৭২	বাশিল	১২৯	১৬.০০	
		মোট-	১৬.০০				
৩৪	ধামঙ্গুর	১১৪৬	১.৮৩				
		মোট-	১.৮৩				
		সর্বমোট-	২৪২.৩৩ একর				

২। এ প্রজ্ঞাপনটি জনস্বার্থে জারী করা হইল এবং অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শফিকুর রহমান পাটোয়ারী  
সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd